55

# দৈনিক ইত্তেফাক

তারিখ 0 5 AUG 1995
পৃষ্ঠা ৫ কলাম ৪

## হাওর ॥ বর্ষাকালে অধিকাংশ প্রাথমিক স্কুল বন্ধ থাকে

সুধীর বসাক ॥ বর্ষাকালে কিশোরগঞ্জ জেলার চারটি হাওর থানার শতকরা আশি ভাগ প্রাইমারী স্কুল অঘোষিত বন্ধ থাকে। থানাগুলি হইতেছে ইটনা, অষ্টগ্রাম, নিকলী ও মিঠামইন। জেলা প্রাথমিক শিক্ষা অফিসসূত্রে জানা যায়, ইটনা থানায় ৪৪টি সরকারী ও ২০টি বেসরকারী, অষ্টগ্রামে ৪৫টি সরকারী ও ২৮টি বেসরকারী, নিকলীতে ৩৮টি সরকারী ও ৩৭টি বেসরকারী এবং মিঠামইনে ৩৭টি সরকারী ও ৩০টি বেসরকারী প্রাইমারী স্কুল রহিয়াছে। ঐ সমস্ত স্কুলগুলিতে সর্বমোট ৬৪ হাজার ১শত ৫৩ জন ছাত্র-ছাত্রী লেখাপড়া করিতেছে। একমাত্র থানা সদরের স্কুল ব্যতীত বাকী স্কুলগুলিতে বর্ষাকালীন কয়মাস অঘোষিত ছুটি ঘোষণা করা হয়। বর্ষাকালে অধিকাংশ স্কুলেই লেখাপড়ার পরিবেশ থাকে না। বেশীর ভাগ স্কুলেই পানি ঢোকে। বর্ষাকালে হাওরের গ্রামগুলিতে যোগাযোগ বিচ্ছিন্ন হইয়া পড়ায় স্কুলে ছাত্র-ছাত্রীদের উপস্থিতি একেবারেই কমিয়া যায়।

ইহাছাড়া অভিভাবকরাও চারিদিকে থৈ থৈ পানির মধ্যে তাহাদের সন্তানদের বিদ্যালয়ে পাঠাইতে ভয় পায়। ফলে মধ্য জুন হইতে-মধ্য সেপ্টেম্বর পর্যন্ত কয় মাস থানা সদরে অবস্থিত স্কুল ব্যতীত বাকী স্কুলগুলি কার্যতঃ বন্ধ থাকে।